নতুন নতুন পন্থা, প্রযুক্তি এবং ব্যবসায়িক মডেল মনোযোগ আকর্ষণ করছে। একটি গুরুত্বপূর্ণ সার্কুলার প্রবণতা হলো সেকেন্ডহ্যান্ড ফ্যাশন বাজারের সাম্প্রতিক বৃদ্ধি। ক্রয়ের সামর্থ্য, ভোক্তার স্থায়িত্বের উদ্বেগ এবং ডিজিটাল উদ্ভাবনগুলো ইতিমধ্যে 2020 সালের আগে থেকেই বাজারের এই অংশের বৃদ্ধি ঘটাচ্ছিল[95] – এবং কোভিড-19 মহামারী এই প্রবণতাগুলোকে ত্বরান্বিত করেছে। ভিনটেড এবং ডিপপএর মতো অনলাইন পিয়ার-টু-পিয়ার রিসেল প্ল্যাটফর্মগুলো বিশেষ করে দ্রুত বৃদ্ধি পাচ্ছে, তবে চিরাচরিত মিতব্যয়িতা এবং দাতব্য খুচরা ব্যবসাও আগের চেয়ে ভাল করছে।[96] এটি কিছু পোশাককে দ্বিতীয় জীবন দিলেও, সেকেন্ডহ্যান্ড ক্রয়গুলোর মাত্র অর্ধেকই একটি নতুন আইটেমের বিক্রয়কে প্রতিস্থাপিত করে, তাই সেকেন্ডহ্যান্ড বাজার পুরোপুরিভাবে রৈখিক টেক্সটাইল মডেলগুলোকে রাস করে না।[97] একটি অনেক ছোট, কিন্তু দ্রুত বর্ধনশীল, সার্কুলার ব্যবসার মডেল হলো ফ্যাশন রেন্টাল মার্কেট, যার পরিমাণ 2021 সালে বিশ্বব্যাপী $1.8 বিলিয়ন আনুমানিক হিসাব করা হয়েছিল।[98] টেক্সটাইল মাল্টিন্যাশনালগুলো এখন তাদের চিরাচরিত রৈখিক ব্যবসায়িক মডেলের পাশাপাশি, বিভিন্ন রিসেল, ভাড়া এবং মেরামতের মডেল নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছে। যদি এই সার্কুলার ব্যবসায়িক মডেলগুলোর বৃদ্ধি অব্যাহত থাকে, তাহলে সেগুলো দীর্ঘস্থায়ী আকর্ষণ সহ, টেকসই পোশাকের চাহিদা বাড়াতে পারে।

মার্কিন যুক্তরাষ্ট্রের সেকেন্ডহ্যান্ড মার্কেট 2026 সাল নাগাদ দ্বিগুণেরও বেশি হবে বলে আশা করা হচ্ছে, যা $82 বিলিয়নে পৌঁছাবে

2021 সালে সেকেন্ডহ্যান্ড **32%** -এ রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেতে দেখা গিয়েছে।



ThredUP -এর 'রিসেল রিপোর্ট 2022' থেকে ছবিটি পুনরায় তৈরি করা হয়েছে

[95] বোস্টন কনসাল্টিং গ্রুপ (2020), 'ফ্যাশনের ক্রমবর্ধমান সেকেন্ডহ্যান্ড মার্কেটের পেছনের গ্রাহক/কনজ্যুমার বিহাইন্ড ফ্যাশন'স গ্রোয়িং সেকেন্ডহ্যান্ড মার্কেট', https://www.bcg.com/publications/2020/consumer-segments-behind-growing-secondhand-fashion-market

[96] URWLab (2021), 'ট্রেন্ডস/প্রবণতা: দ্য বুম অফ দ্য সেকেন্ড-হ্যান্ড অ্যাপারেল মার্কেট/সেকেন্ড-হ্যান্ড অ্যাপারেল মার্কেটের আকস্মিক পসার', https://urwlab.com/trends-the-boom-of-the-second-hand-apparel-market/

[97] ফারফেচ (2019), 'পূর্বে অন্য কারো ব্যবহার করা ফ্যাশন-পোশাক কেনার পরিবেশগত সঞ্চয় বুঝতে পারা', https://cdn-static.farfetch-contents.com/content/UP/PRODUCTION/LANDING-PAGES/SUSTAINABILITY-CALC/Understanding%20the%20Environmental%20Savings%20of%20Pre-owned_Farfetch%20Report%202020.pdf

[98] ফিউচার মার্কেট ইনসাইটস (2022), 'পণ্যের ধরন অনুসারে অনলাইনে পোশাক ভাড়ার বাজার', https://www.futuremarketinsights.com/reports/online-clothing-rental-market

টেক্সটাইল ভ্যালু চেইনের অনেকগুলো মান, চুক্তি, বেঞ্চমার্ক, লেবেল এবং সার্টিফিকেশন রয়েছে। পণ্য এবং উৎপাদন পদ্ধতির সার্টিফিকেশনের কিছু উদাহরণ নিচে প্রদান করা হয়েছে:

- **টেকসই তুলা** যেমন: বেটার কটন ইনিশিয়েটিভ (BCI), কটন মেইড ইন আফ্রিকা (CMiA)
- **অর্গানিক তুলা** যেমন: অর্গানিক কটন স্ট্যান্ডার্ড (OCS), গ্লোবাল অর্গানিক টেক্সটাইল স্ট্যান্ডার্ড (GOTS)
- **সেলুলোসিক তন্তুর জন্য বনজ সম্পদের ব্যবস্থাপনা** যেমন: ফরেস্ট স্টুয়ার্ডশিপ কাউন্সিল (FSC), প্রোগ্রাম ফর দ্য এন্ডোর্সমেন্ট অফ ফরেস্ট সার্টিফিকেশন (PEFC)
- **রিসাইকেলকৃত সামগ্রী এবং সার্কুলার ব্যবহার** যেমন: রিসাইকেলড ক্লেইম স্ট্যান্ডার্ড (RCS), গ্লোবাল রিসাইকেল স্ট্যান্ডার্ড (GRS), ক্র্যাডল টু ক্র্যাডল (C2C)
- **রাসায়নিক ব্যবস্থাপনা** যেমন: ক্লসাইন, ওকো-টেক্স, জিরো ডিসচার্জ অব হ্যাজার্ডাস কেমিক্যালস (ZDHC) –উৎপাদনে নিষিদ্ধ পদার্থের তালিকা[99]

অন্যান্য সার্টিফিকেশন এবং উদ্যোগগুলো কারখানার বিল্ডিং ও উৎপাদন প্রক্রিয়াগুলোকে টার্গেট করে (যেমন: লিডারশীপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইন (LEED), এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেম (EMS) সার্টিফিকেশন, সেইসাথে সামাজিক টেকসইত্বের বিষয়সমূহ, যেমন - কাজের অবস্থা (যেমন: ফেয়ারট্রেড, STeP by OEKO-TEX/স্টেপ বাই ওকো-টেক্স), ফেয়ার ওয়ার ফাউন্ডেশন, বেটার ওয়ার্ক প্রোগ্রাম)।[100]

বেশিরভাগ বহুজাতিক টেক্সটাইল ব্র্যান্ড ও খুচরা বিক্রেতাদের একটি সাপ্লাইয়ার কোড অব কনডাক্ট (আচরণবিধি) রয়েছে, যা তাদের সাপ্লাইয়ারদের বিভিন্ন সার্টিফিকেশন, কার্যক্ষমতার মান এবং উদ্যোগের সাথে সঙ্গতিপূর্ণভাবে থাকার আবশ্যিকতাকে নির্ধারণ করে। কখনো কখনো আকাঙ্ক্ষিত মান পূরণের জন্য এই কোডগুলোর সাথে প্রযুক্তিগত সহায়তা থাকে, তবে এতে খুব কম সময়ই আর্থিক সহায়তা অন্তর্ভুক্ত থাকে।[101] টেক্সটাইল মাল্টিন্যাশনালগুলোকেও তাদের সার্কুলার ব্যবহার ও টেকসইত্বের ব্যবস্থাপনার বিষয়ে ক্রমবর্ধমানভাবে জবাবদিহি করতে হচ্ছে। বেশ কিছু উদ্যোগের লক্ষ্য হলো পরিবেশগত প্রভাব এবং সাপ্লাই চেইন অনুশীলনে স্বচ্ছতা প্রদান করা (যেমন: হিগ ইনডেক্স, ট্রান্সপারেন্সি প্লেজ, দি সাসটেইনেবিলিটি প্লেজ) এবং অন্যান্যগুলো পরিবেশগত এবং সামাজিক নিরীক্ষণের আবশ্যিকতাগুলোকে প্রবাহিত রাখে (যেমন: ইনিশিয়েটিভ ফর কমপ্লায়েন্স অ্যান্ড সাসটেইনেবিলিটি)।[69] ছোট অপারেটরদের প্রায়শই প্রযুক্তিগত এবং একটি ক্রমবর্ধমান চ্যালেঞ্জিং ও জটিল টেকসইত্বের পরিপ্রেক্ষিত মেনে চলার ক্ষেত্রে আর্থিক সক্ষমতার ঘাটতি থাকে। এটি, অন্যান্য কারণগুলোর মধ্যে, তৈরি পোশাক খাতে মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস (MSMEs) –এর অবদান হ্রাসের দিকে চালিত করেছে, উদাহরণস্বরূপ বাংলাদেশে।[70]

[99] UNEP (2020), 'টেক্সটাইল ভ্যালু চেইনে টেকসইত্ব এবং সার্কুলার ব্যবহার/সাসটেইনেবিলিটি অ্যান্ড সার্কুলারিটি ইন দ্য টেক্সটাইল ভ্যালু চেইন: বৈশ্বিক স্টক-গণনা', one-planetnetwork.org/sites/default/files/unep_sustainability_and_circularity_in_the_textile_value_chain.pdf

[100] UNEP (2020), 'টেক্সটাইল ভ্যালু চেইনে টেকসইত্ব এবং সার্কুলার ব্যবহার/সাসটেইনেবিলিটি অ্যান্ড সার্কুলারিটি ইন দ্য টেক্সটাইল ভ্যালু চেইন: বৈশ্বিক স্টক-গণনা', one-planetnetwork.org/sites/default/files/unep_sustainability_and_circularity_in_the_textile_value_chain.pdf

[101] UNCTAD (2021), 'সাব-সাহারান আফ্রিকা এবং দক্ষিণ এশিয়ায় কারখানাজাত দূষণে রপ্তানির ভূমিকা', https://unctad.org/system/files/official-document/ditctedinf2021d6_en.pdf

স্বেচ্ছাসেবী উদ্যোগ

ভ্যালু চেইনের উৎপাদন পর্যায়ে টেকসইয়ত্ব বৃদ্ধির জন্য সক্ষমতা গড়ে তোলা এবং আচরণবিধি উভয়ই অপরিহার্য। সক্ষমতা গড়ে তোলার উদ্যোগগুলোতে প্রায়শই পর্যাপ্ত অর্থ সংস্থান ও বিনিয়োগের অভাব থাকে এবং শুধুমাত্র স্বেচ্ছামূলক পন্থাগুলো এককভাবে টেক্সটাইল ইন্ডাস্ট্রির রৈখিক মডেলে কাঠামোগত পরিবর্তন করতে পারেনি।



ছবি রিচার্ড এম. লক -এর 'দ্য প্রমিজ অ্যান্ড লিমিটস অফ প্রাইভেট পাওয়ার', 2013 থেকে নেওয়া হয়েছে

ইন্ডাস্ট্রি-নেতৃত্বাধীন সার্কুলার ব্যবহার বেশ অনেকগুলো কৌশলের জন্ম দিয়েছে যেগুলো বৃহত্তর ব্র্যান্ডগুলোর মধ্যে উচ্চ গ্রহণযোগ্যতা পেয়েছে। সাসটেইনেবল অ্যাপারেল কোয়ালিশন এর মতে, তাদের সদস্যদের সম্মিলিত আয় $845 বিলিয়ন – যা 2021 সালে বিশ্বব্যাপী পোশাক বাজারের অর্ধেকেরও বেশি।[102] টেকসইয়ত্বের জন্য বৈশ্বিক ব্র্যান্ডগুলোর প্রতিশ্রুতি বিশেষত তন্তুর উৎস খোঁজার অনুশীলনের ব্যাপারে প্রদান করা হয়েছে। উদাহরণস্বরূপ, 2009 সালে এটি চালু হওয়ার পর থেকে, বেটার কটন ইনিশিয়েটিভ বৈশ্বিক তুলার বাজারের 22 শতাংশ লাইসেন্সে উন্নীত হয়েছে, এবং

রিসাইকেলকৃত পলিয়েস্টার 2008 সালের 8 শতাংশের মার্কেট শেয়ার থেকে 2020 সালে 15 শতাংশে উন্নীত হয়েছে।[103,104]

একইরকম প্রবণতা উৎপাদনকারীর সাইটের পর্যায়েও দেখা যায়। 2019 এবং 2020 উভয় সালেই, রিসাইকেলকৃত সামগ্রীর মানদণ্ড (RCS এবং GRS) পূরণ করছে এমন টেক্সটাইল উৎপাদন সাইটের সংখ্যা দ্বিগুণ হয়েছে, অর্গানিক মানদণ্ড (OCS এবং GOTS) পূরণ করেছে এমন সাইট 2018 থেকে 2020 সালের মধ্যে দ্বিগুণ হয়েছে।[105]

যাইহোক, ইন্ডাস্ট্রির সবচেয়ে বড় সদস্যদের জন্যও আরো অধিক রূপান্তরমূলক পদক্ষেপ অর্জন করা কঠিন বলে মনে হচ্ছে। উৎপাদনকারীদের কাছে বেটার কটন ইনিশিয়েটিভ জনপ্রিয় হতে পারে, কিন্তু এটি রিসাইকেলকৃত তন্তুর তুলনায় জলবায়ু, পানি এবং সুতি পণ্যের বর্জ্যের প্রভাবের ক্ষেত্রে সামান্যই উন্নতিসাধন করে।[106] পরিবেশগত প্রভাবে বড় হ্রাস সহ সার্কুলার তন্তু, যেমন রিসাইকেলকৃত সুতা ও পলিয়েস্টার ব্যতীত রিসাইকেলকৃত সিন্থেটিকসমূহ, ফাইবার বাজারের 1 শতাংশের নিচে থাকে।[107] প্রয়োজনীয় আকারে পরিবর্তন অর্জনের জন্য, বৃহত্তর সহযোগিতা, অর্থায়ন এবং নীতির সমন্বয় প্রয়োজন।[108] একটি সুস্পষ্ট নীতি নির্দেশনা ছাড়া, সার্কুলার সমাধানগুলোতে বিনিয়োগ প্রায়শই রিটার্নের ক্ষেত্রে খুব ঝুঁকিপূর্ণ হবে এবং কর্পোরেটদের দ্বারা টেকসইয়ত্বের প্রোগ্রামগুলোকে ঐচ্ছিক হিসেবে বিবেচনা করার একটি ঝুঁকি রয়েছে। উদাহরণস্বরূপ, এমন লক্ষণ রয়েছে যে এশিয়ার তৈরি পোশাক খাতে স্বেচ্ছামূলক টেকসইয়ত্বের পদক্ষেপগুলোর সাথে সম্মতি কোভিড-19 মহামারি দেখা দেওয়ার প্রেক্ষিতে সংকটে পড়েছিল, এমন সময়ে যখন এই সেক্টরটি ব্যাপকভাবে অর্ডার বাতিল এবং কর্মসংস্থান হারানোর সম্মুখীন হয়েছিল।[109,110]

সীমাবদ্ধতা সত্ত্বেও, টেক্সটাইল টেকসইয়ত্বের ক্ষেত্রে স্বেচ্ছামূলক পন্থাগুলো হলো টেক্সটাইল ভ্যালু চেইনে অধিকতর সার্কুলার ব্যবহারের পেছনে একটি গুরুত্বপূর্ণ চালিকা শক্তি। টেকসইয়ত্বের জন্য জ্ঞান, উদ্ভাবন এবং সহযোগিতার অবকাঠামো স্থাপন করার মাধ্যমে এগুলো উচ্চাভিলাষী নীতির ভিত্তি স্থাপন করে। টেকসইয়ত্বের মানদণ্ড এবং চুক্তিগুলো এখন সার্কুলার নীতি অবকাঠামোর একটি অপরিহার্য অংশ, এবং আসন্ন অনেক ইইউ সার্কুলার নীতি, যেমন ডিরেকটিভ অন কর্পোরেট সাসটেইনেবিলিটি ডিউ ডিলিজেন্স, গ্রিন ফাইন্যান্স ট্যাক্সোনমি এবং ESPR সেগুলোর প্রতি দৃষ্টি আকর্ষণ করবে। অতএব, সাপ্লাইয়ারদেরকে টেকসইয়ত্বের মানদণ্ডের সার্টিফিকেটকে একটি ইনস্যুরেন্স পলিসি হিসেবে এবং সক্ষমতা-গড়ে তোলার অনুশীলন হিসাবে দেখতে হবে যাতে তারা আসন্ন আবশ্যিক নিয়ামক শর্তগুলো মেনে চলতে সক্ষম হন।[111]

---

[102] স্ট্যাটিস্টা (2022), 'গ্লোবাল অ্যাপারেল মার্কেট - পরিসংখ্যান ও তথ্য', https://www.statista.com/topics/5091/apparel-market-worldwide/#dossierKeyfigures

[103] বেটার কটন ইনিশিয়েটিভ (2022), 'আমাদের ইতিহাস', https://bettercotton.org/who-we-are/history/

[104] স্ট্যাটিস্টা (2022), '2008 থেকে 2020 সাল পর্যন্ত বিশ্বব্যাপী মোট উৎপাদনের অংশ হিসেবে রিসাইকেলকৃত এবং প্রচলিত পলিয়েস্টার তন্তু' https://www.statista.com/statistics/1250998/global-share-recycled-polyester-fiber/

[105] টেক্সটাইল এক্সচেঞ্জ (2021), 'পছন্দসই তন্তু ও উপকরণ মার্কেট রিপোর্ট 2021', https://textileexchange.org/wp-content/uploads/2021/08/Textile-Exchange_Preferred-Fiber-and-Materials-Market-Report_2021.pdf

[106] ইউরোপিয়ান ক্লোথিং অ্যাকশন প্ল্যান (2019), 'ব্র্যান্ড এবং খুচরা বিক্রেতাদের কর্তৃক পরিবেশগত প্রভাবের পরিমাণগত হ্রাস', http://www.ecap.eu.com/wp-content/uploads/2019/12/B3-Deliverable_ECAP-quantified-reduction-report-FINAL.pdf

[107] অ্যাপারেল ইমপ্যাক্ট ইনস্টিটিউট (2021), 'ট্রিলিয়ন-ডলারের ফ্যাশন ডিকার্বোনাইজেশন (কার্বনমুক্তকরণ) সুযোগের দুয়ার খোলা: বিদ্যমান এবং উদ্ভাবনী সমাধানসমূহ', https://apparelimpact.org/wp-content/uploads/2021/11/Aii_UnlockingTheTrillion-DollarFashionDecarbonisation-Opportunity_Report_v11.pdf

[108] বোস্টন কনসাল্টিং গ্রুপ, ইনকর্পোরেশন., গ্লোবাল ফ্যাশন অ্যাজেন্ডা এবং সাসটেইনেবল অ্যাপারেল কোয়ালিশন (2019), 'পালস অফ দ্য ফ্যাশন ইন্ডাস্ট্রি 2019', http://media-publications.bcg.com/france/Pulse-of-the-Fashion-Industry2019.pdf

[109] ইউরোপিয়ান পার্লামেন্ট (2021), 'উন্নয়নশীল দেশে এবং ইউরোপীয় ফ্যাশন ইন্ডাস্ট্রিতে টেক্সটাইল শ্রমিকরা: টেকসইয়ত্বের দিকে?', https://www.europarl.europa.eu/RegData/etudes/BRIE/2020/652025/EPRS_BRI(2020)652025_EN.pdf

[110] ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (2022), 'এশিয়ায় টেক্সটাইল ও গার্মেন্টস সেক্টরে পরিবেশগত টেকসইয়ত্ব এবং কোভিড-19 সামলে ওঠার জন্য একটি জাস্ট ট্রানজিশন (ন্যায্য রূপান্তর) এর সুযোগ', https://www.econstor.eu/bitstream/10419/263117/1/ilo-wp54.pdf

[111] van der Ven, C. (2022), 'টেক্সটাইল খাতে সার্কুলার উদ্ভাবন এবং ইকোডিজাইন: একটি টেকসই ও অন্তর্ভুক্তিমূলক রূপান্তরের দিকে', টিউলিপ কনসাল্টিং অ্যান্ড সিত্রা, হেলসিঙ্কি, https://www.sitra.fi/app/uploads/2022/09/sitra-circular-innovation-and-ecodesign-in-the-textiles-sector.pdf

4.3 ইইউ-এর সাথে বাণিজ্য করে এমন টেক্সটাইল উৎপাদনকারী দেশগুলোর জন্য সূচক সমূহ

4.3.1 উন্নয়নশীল দেশগুলির জন্য প্রতিযোগিতামূলক থাকার জন্য সার্কুলার কৌশল সমূহ

ইইউ-এর আইনি উন্নয়ন এবং সার্কুলার ব্যবহারের বিষয়ে ইন্ডাস্ট্রি-নেতৃত্বাধীন উদ্যোগগুলো, স্বল্প ও দীর্ঘ উভয় মেয়াদেই, উন্নয়নশীল দেশগুলোর টেক্সটাইল উৎপাদনকারীদের জন্য পরিণতি বয়ে আনবে। মূল প্রভাবগুলো নিচে বর্ণনা করা হয়েছে:

রিসাইকেল করা সামগ্রীর জন্য সুসংগত নীতি, অর্থায়ন এবং ইন্ডাস্ট্রির সহযোগিতা প্রয়োজন

উৎপাদনকারীরা সময়ের সাথে সাথে আরো বেশি করে কারখানা ও ভোক্তা-পরবর্তী টেক্সটাইল বর্জ্য অন্তর্ভুক্ত করবে বলে আশা করা হবে। শুরুতে এটি বাধ্যতামূলক হওয়ার সম্ভাবনা কম। যাইহোক, রিসাইকেলকৃত তন্তুর বাজার, অন্যান্য চালকের মধ্যে গ্রিন পাবলিক প্রকিউরমেন্ট, বহুজাতিক ক্রেতার টার্গেট এবং ইইউ শ্রেণীকরণ দ্বারা উদ্দীপিত হবে। অতএব, মাঝারি মেয়াদে এটি কমপক্ষে পলিয়েস্টারের জন্য একটি ন্যূনতম আবশ্যিক শর্ত হয়ে উঠতে পারে। রিসাইকেলকৃত সামগ্রীর আবশ্যিক শর্তগুলো পূরণ করার জন্য প্রস্তুতি নেওয়া সহজ কাজ নয়। অন্যদিকে রিসাইকোলকৃত উপকরণের চাহিদা উৎপাদক দেশগুলোর দ্বারা সংশ্লিষ্ট বিপরীতমুখী কৌশলগত সাপ্লাই চেইন প্রতিষ্ঠা করার সামর্থ্যকে অতিক্রম করতে পারে এবং বর্তমানের রৈখিক (লিনিয়ার) মডেলে অন্তর্নিহিত একই সাপ্লাইয়ারের উপর নির্ভরশীলতার প্রভাব কাটানো সম্ভব নাও হতে পারে।

রিসাইকেলকৃত সামগ্রীর অধিকতর ব্যবহারের জন্য নতুন টেক্সটাইল রিসাইকেল পরিকাঠামোতে পুঁজি বিনিয়োগ, নীতিগত বাধা অপসারণ এবং দক্ষতার প্রশিক্ষণ প্রয়োজন হবে, এবং তা পালন করতে গিয়ে অতিরিক্ত খরচ হবে। একটি চ্যালেঞ্জ হবে উচ্চ-মানের রিসাইকেলকৃত তন্তুগুলো পাওয়া নিশ্চিত করা, কারণ চাহিদা সরবরাহকে ছাড়িয়ে যেতে পারে, বিশেষ করে, যদি বর্তমান ফিডস্টকগুলো যেমন পেট(PET) বোতলগুলোকে পলিয়েস্টার স্টেপল ফাইবার (rPSF) -এ ডাউনসাইকেল করার পরিবর্তে ক্লোজড-লুপ রিসাইক্লিংয়ের দিকে পাঠিয়ে দেওয়া হয়।.[112,113] সরবরাহের দিকের অনিশ্চয়তা উপকরণের একটি সঙ্গতিহীন প্রবাহ এবং থেমে থেমে উৎপাদনের দিকে চালিত করতে পারে, যা রিসাইক্লিংয়ের অপারেশনগুলোর অর্থনৈতিক কার্যকারিতাকে হুমকির মুখে ফেলে। একটি সমাধান হতে পারে ইন্ডাস্ট্রির পারস্পরিক সুসম্পর্কে উদ্দীপিত করতে এবং টেক্সটাইল বর্জ্যের সরবরাহ ও চাহিদা মানানসই রাখতে প্রস্তুতকারকদের নেটওয়ার্ক গঠনে উৎসাহিত করা।

পরিবর্তনকে চালিত করার জন্য সক্রিয় বর্জ্য ও বাণিজ্য নীতি প্রয়োজন

উৎপাদনকারী দেশগুলো সুসংগত নীতির মাধ্যমে সার্কুলার টেক্সটাইল ভ্যালু চেইন সক্ষম করার পরিস্থিতিও পরিবেশ তৈরি করতে পারে। উৎপাদনকারীর বর্ধিত দায়িত্ব টেক্সটাইল বর্জ্য সংগ্রহ এবং উন্নত মানের তন্তু বাছাই (ফাইবার সর্টিং) ও রিসাইক্লিং অবকাঠামো নির্মাণের অর্থায়নে সহায়তা করবে। এটি যেসব বর্জ্য ব্যবস্থা বর্জ্য টেক্সটাইল তন্তুর মানকে ধ্বংস করে ফেলে, যেমন - পোড়ানো এবং মাটিতে পুঁতে ফেলা, সেগুলোর জন্য জরিমানা দ্বারা সমর্থিত হতে হবে।[114 ,115] বর্জ্য ব্যবস্থাপনার উন্নতির জন্য গৃহীত পদক্ষেপের পাশাপাশি গৃহীত নীতিমালায় থাকতে হবে, ঊর্ধ্বধারার উৎপাদনের উন্নয়ন, পানি ও রাসায়নিকের ব্যবহার কমানো এবং নবায়নযোগ্য শক্তির ব্যবহারে স্থানান্তরিত করার দিকেও নজর দেওয়া। বেশিরভাগ তুলা-ভিত্তিক রপ্তানি পণ্যের উৎপাদনকারীদের জন্য আরেকটি গুরুত্বপূর্ণ অগ্রগতি হল তন্তুর (ফাইবারের) দৈর্ঘ্য। যদি ইন্ডাস্ট্রিকে লম্বা-তন্তুর তুলার উৎস জোগাড়ের জন্য প্রণোদিত করা হয়, তাহলে এটি দেশটিকে উচ্চ পুনর্ব্যবহারযোগ্যতা সহ, মানসম্পন্ন পণ্যের উৎপাদক দেশের অবস্থানে যেতে সহায়তা করতে পারে কারণ তন্তুর দৈর্ঘ্য সার্কুলার মানদণ্ডগুলোর পরবর্তী শর্ত হওয়ার সম্ভাবনা Cআছে।[116]

---

[112] নেদারল্যান্ডস এন্টারপ্রাইজ এজেন্সি (2021), 'সম্ভাব্যতা স্টাডি টেক্সটাইল রিসাইক্লিং', https://www.rvo.nl/sites/default/files/2021/06/Feasibility%20Study%20Textile%20Recycling.pdf

[113] হারমসেন, পি., শেফার, এম., বস, এইচ., 'সার্কুলার ফ্যাশনের জন্য টেক্সটাইল: রিসাইক্লিং অপশনের পেছনে যুক্তি।', টেকসইযত্ন, 13(17) : 9714, doi: https://doi.org/10.3390/su13179714

[114] সার্কুলার ফ্যাশন পার্টনারশিপ (2021), 'স্কেলিং সার্কুলারটি ', https://globalfashionagenda.org/news-article/scaling-circularity-a-policy-perspective/

[115] চ্যাঠাম হাউস (2020), 'একটি অন্তর্ভুক্তিমূলক সার্কুলার অর্থনীতিতে ন্যায্য রূপান্তরের বিকাশ সাধন', https://www.chathamhouse.org/2020/04/promoting-just-transition-inclusive-circular-economy

যেহেতু অনেক উৎপাদনকারী দেশ ব্যবহারের চেয়ে বেশি টেক্সটাইল রপ্তানি করে, তাই এমন পরিকল্পনা ও বাণিজ্য নীতিরও প্রয়োজন রয়েছে যা বিদেশ থেকে বর্জ্য টেক্সটাইলের সুযোগকে উন্মুক্ত করে। উদাহরণস্বরূপ, পাকিস্তান করাচী এক্সপোর্ট প্রসেসিং জোন-এর আশেপাশে সহ-অবস্থানে বাছাই, রিসাইক্লিং ও উৎপাদন কার্যক্রম পরিচালনা করে, যা একটি ক্রমবর্ধমান কৌশলগত বাণিজ্য কেন্দ্র হয়ে উঠবে কারণ বাধ্যতামূলক পৃথক সংগ্রহের পরবর্তীতে ইইউ থেকে টেক্সটাইল রপ্তানি বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।[117] উন্নয়নশীল দেশগুলোর আরো বেশি সার্কুলার টেক্সটাইলের জন্য সফলভাবে বাণিজ্যকে কাজে লাগাতে, তাদেরকে প্রথমে বৈশ্বিক সার্কুলার টেক্সটাইল ভ্যালু চেইনে তারা তুলনামূলক কী সুবিধা পেতে পারে, সেইসাথে রূপান্তরের সাথে সম্পর্কিত চ্যালেঞ্জ ও সুযোগগুলো চিহ্নিত করতে হবে। উৎপাদনকারী দেশগুলো তখন, উদাহরণস্বরূপ আঞ্চলিক বাণিজ্য চুক্তির মাধ্যমে, প্রযুক্তি স্থানান্তরকে সহজতর করতে পারে, নির্দিষ্ট পণ্য ও পরিষেবার প্রতিবন্ধকতা কমাতে পারে এবং বিনিয়োগের লক্ষ্যমাত্রা তৈরি করতে পারে।[118]

আরো কঠিন, কিন্তু আরো সামঞ্জস্যপূর্ণ, সনাক্তযোগ্যতা ও স্বচ্ছতার বিষয়ে আবশ্যিকতা

শুদ্ধতা-পরীক্ষণের আবশ্যিকতা এবং ইইউ-এর ডিজিটাল প্রোডাক্ট পাসপোর্ট দ্বারা চালিত হয়ে, স্বল্প সময়ের মধ্যে সনাক্তযোগ্যতা ও স্বচ্ছতার আবশ্যিকতা বৃদ্ধি পাবে। মেনে চলার জন্য, সাপ্লাইয়ারদের ফ্যাসিলিটি মনিটরিং সরঞ্জামে, সাপ্লাই চেইন জুড়ে আরো কার্যকরভাবে উপকরণ সনাক্তের জন্য সমাধানগুলোতে এবং প্রাসঙ্গিক পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতিগুলোতে বিনিয়োগ করতে হবে। রিপোর্টিং এর সামগ্রিক দায়িত্ব বৃদ্ধি পাবে। এটি অনেক MSME-এর সক্ষমতার বাইরে হতে পারে, যদিনা তারা তথ্য ব্যবস্থাপন সহ পরিচ্ছন্ন ও নিরাপদ উৎপাদনে বিনিয়োগে সহায়তা পায়। টেক্সটাইল উৎপাদন আরো বড়, আরো উন্নত কারখানার দিকে অগ্রসর হওয়ার এই প্রবণতাটি ইতিমধ্যেই চলমান আছে – উদাহরণস্বরূপ বাংলাদেশে 2012 থেকে 2018 সালের মধ্যে MSME-এর সংখ্যা প্রায় এক তৃতীয়াংশেরও বেশি কমেছে, প্রায় 6,000 থেকে 3,856-তে নেমে এসেছে।[119]

দীর্ঘমেয়াদী প্রভাব পূরণ করতে ছোট ব্যবসা প্রতিষ্ঠান এবং শ্রমিকদের সক্ষমতা বৃদ্ধি এবং প্রযুক্তিগত উন্নতির প্রয়োজন হবে

ইইউ সার্কুলার টেক্সটাইল নীতির দৃশ্যপট পরিণত হওয়ার সাথে সাথে, রিসাইকেলকৃত সামগ্রী সহ কিছু কাপড়ের উৎপাদন মূল ক্রেতার কাছাকাছি চলে যেতে পারে এবং ইইউ-এর বাইরের চিরাচরিত উৎপাদনকারীদের কাছ থেকে দূরে সরে যেতে পারে।[120] টেক্সটাইল উৎপাদনকারী দেশগুলো উল্লেখযোগ্য কিছু সুবিধা ভোগ করে যা এই ঝুঁকিকে কিছু পরিমাণে সীমিত করে কিন্তু প্রতিযোগিতামূলক চাপ বাড়তে পারে। কর্মসংস্থানে নেতিবাচক প্রভাব লঘু করার জন্য উন্নয়নশীল দেশের উৎপাদনকারীদের তাদের উৎপাদন প্রক্রিয়া এবং কর্মশক্তির দক্ষতা পরিবর্তন করার প্রয়োজন হবে।[121] একটি ক্ষেত্র যা নিকট সময়ে বিশেষ চ্যালেঞ্জ তৈরি করবে তা হল রাসায়নিকের টেকসই ব্যবহার। অধিকতর কঠোর বিধিনিষেধের সাথে, এমনকি সবচেয়ে বড় খেলোয়াড়রাও ইইউ-এর রাসায়নিক নীতি পদ্ধতি অনুসারে প্রচলিত রাসায়নিকের নিরাপদ বিকল্প নিবন্ধন ও পরিমাপ করতে

---

[116] PBL (2021), 'নিম্ন এবং মধ্যম আয়ের দেশগুলোর উপর ডাচ সার্কুলার অর্থনীতির কৌশলগুলোর সম্ভাব্য প্রভাব', https://www.pbl.nl/en/publications/potential-effects-of-dutch-circular-economy-strategies-on-low-and-middle-income-countries

[117] একই।

[118] van der Ven, C. (2022), 'টেক্সটাইল খাতে সার্কুলার উদ্ভাবন এবং ইকোডিজাইন: একটি টেকসই ও অন্তর্ভুক্তিমূলক রূপান্তরের দিকে', টিউলিপ কনসাল্টিং অ্যান্ড সিত্রা, হেলসিঙ্কি, https://www.sitra.fi/app/uploads/2022/09/sitra-circular-innovation-and-ecodesign-in-the-textiles-sector.pdf

[119] UNCTAD (2021), 'সাব-সাহারান আফ্রিকা এবং দক্ষিণ এশিয়ায় কারখানাজাত দূষণে রপ্তানির ভূমিকা', https://unctad.org/system/files/official-document/ditctedinf2021d6_en.pdf

[120] ইকোপ্রেনিউর (2020), 'সার্কুলার ফ্যাশন অ্যান্ড টেক্সটাইল প্রডিউসিং কান্ট্রিস (ফ্যাশন এবং টেক্সটাইল উৎপাদনকারী দেশসমূহ) ', https://ecopreneur.eu/wp-content/uploads/2020/02/EcopreneurEU-Research-Note-on-Circular-Fashion-Impacts-26-2-2020.pdf

[121] রেপ, এল., হেকার্ট, এম. এবং কির্চের, জে. (2021), 'সার্কুলার অর্থনীতি-প্ররোচিত বৈশ্বিক কর্মসংস্থান পোশাকের ভ্যালু চেইনে পরিবর্তন করে: পোশাক উৎপাদন কার্যক্রমে চাকরি হ্রাস, পুনর্ব্যবহার এবং রিসাইকেল কার্যক্রমে চাকরি বৃদ্ধি', উপকরণ, সংরক্ষণ এবং পুনর্ব্যবহার,, 171, https://www.sciencedirect.com/science/article/pii/S0921344921002305

হিমশিম খাবে।[122,123] এছাড়াও কম-মূল্যের ফাস্ট ফ্যাশন আইটেমগুলো থেকে আরো টেকসই ও রিসাইকেলযোগ্য আইটেম তৈরিতে উৎপাদন সরিয়ে নেওয়ার জন্য, এমনকি সম্ভবত ব্যবহৃত পোশাক মেরামত করার জন্যও সক্ষমতা বৃদ্ধির প্রয়োজন হবে। কিন্তু সক্ষমতা বৃদ্ধিতে বিনিয়োগে ফল আসতে পারে। এলা প্যাড (Ella Pad) -এর মতো উদ্যোগগুলো, যেটি হলো টেক্সটাইলের টুকরা-টাকরা থেকে স্যানিটারি প্যাড তৈরি, বিতরণ এবং বিক্রি করার জন্য গার্মেন্টস কারখানার নারীদের জন্য একটি প্রোগ্রাম। এটি দেখিয়েছে যে এই ধরনের বিনিয়োগগুলো সার্কুলার এবং সামাজিক উন্নয়নের উদ্দেশ্যগুলোকে অর্জন করতে পারে।.[124]

টেক্সটাইল এবং গার্মেন্টস ভ্যালু চেইনে চক্রাকার ব্যবহারের চালকসমূহ

আন্তর্জাতিক চক্রাকার ব্যবহারের চালকসমূহ এবং উৎপাদনকারীর সম্ভাব্য প্রতিক্রিয়া।

[122] কেমিক্যাল ওয়াচ (2021), 'ইইউ টেক্সটাইল এবং রাসায়নিক কৌশলগুলোকে অবশ্যই প্রণোদনা জোগাতে হবে, ইন্ডাস্ট্রিকে যেন শাস্তি না দেয়, বলেছেন ZDHC প্রধান', https://chemicalwatch.com/330537/eu-textiles-and-chemicals-strategies-must-incentivise-not-penalise-industry-says-zdhc-head

[123] ইউরোফিন্স BLC (2020), ' REACH টেক্সটাইলস রেগুলেশনস এর পরিশিষ্ট XVII নভেম্বর 2020 থেকে কার্যকর হচ্ছে', https://www.blcleathertech.com/news/annex-xvii-of-reach-textiles-regulations-coming-into-force-november-2020

[124] চ্যাঠাম হাউস (2020), 'একটি অন্তর্ভুক্তিমূলক সার্কুলার অর্থনীতিতে একটি ন্যায্য রূপান্তরের প্রচার করা', https://www.chathamhouse.org/2020/04/promoting-just-transition-inclusive-circular-economy

4.3.2 সমসাময়িক প্রবণতা গুলো টেক্সটাইল সেক্টরের সার্কুলার মডেলে রূপান্তরকে বাঁধাগ্রস্ত করে

উৎপাদনকারী দেশগুলোর উপর স্বেচ্ছা নিয়মকানুন এবং ইইউ সার্কুলার অর্থনীতি নীতির সম্পূর্ণ প্রভাবের পূর্বাভাস দেয়া কঠিন, কারণ উৎপাদনকারীরা আরো নমনীয় শর্তে ভিন্ন বাজারে বিক্রি করতে মনঃস্থ করতে পারে। বাংলাদেশের মতো কিছু দেশের জন্য ইইউ বাজার গুরুত্বপূর্ণ কিন্তু তা হ্রাস পাবে বলে ধারণা করা হচ্ছে: দেশটির রপ্তানিকৃত টেক্সটাইলের অর্ধেকেরও বেশি ইউরোপে যায়, কিন্তু চীনা বাজারের শক্ত প্রবৃদ্ধি এবং ইইউ ও ভিয়েতনামের মধ্যে অগ্রাধিকারমূলক বাণিজ্যের কারণে শীঘ্রই এই অনুপাত হ্রাস পাবে।[125] কোভিড-19 মহামারী এবং ইউক্রেনে রাশিয়ার আক্রমণের পর ইউরোপ এবং মার্কিন যুক্তরাষ্ট্র কঠিন অর্থনৈতিক পরিস্থিতির মুখোমুখি হওয়ায় দক্ষিণ এশিয়ার দেশগুলো সক্রিয়ভাবে তাদের রপ্তানি বহুমুখী করার চেষ্টা করছে, উদাহরণস্বরূপ গালফ দেশগুলোর মার্কেটগুলোতে।[126] তা সত্ত্বেও, ইইউ-এর বাজার দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার টেক্সটাইল ইন্ডাস্ট্রিগুলোর জন্য প্রধান রপ্তানি গন্তব্যগুলোর মধ্যে একটি হয়ে থাকবে।

কম কঠোর পরিবেশগত চাহিদা সম্পন্ন বিচারব্যবস্থায় টেক্সটাইল বাজারের শক্তিশালী প্রবৃদ্ধি প্রত্যাশা করা হচ্ছে। যদিও কিছু বাজারে সার্কুলার সমাধানগুলো বৃদ্ধি পাচ্ছে, তবে অ্যাপারেল মার্কেটের আরো অধিক রৈখিক বেড়ে ওঠার জন্য যথেষ্ট জায়গা থাকবে। 2020 থেকে 2027 সালের মধ্যে বৈশ্বিক টেক্সটাইল মার্কেট 50 শতাংশের তো এবং ফাস্ট ফ্যাশন সেগমেন্ট এমনকি আরো দ্রুত বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।[127,128] ফাস্ট ফ্যাশনের বিষয়ে শক্তিশালী নীতি না থাকলে টেকসই টেক্সটাইল ভোক্তাদের জন্য একটি বড় বিকল্প হিসেবেই থেকে যাবে। উচ্চ মূল্যস্ফীতি এবং একটি আসন্ন মন্দার সাথে ইউরোপীয় ভোক্তারা সবুজ টেক্সটাইলের দাম বৃদ্ধির প্রতি নেতিবাচক প্রতিক্রিয়া দেখাতে পারে। তাই ইইউ টেক্সটাইল কৌশলের উচ্চাভিলাষী বাস্তবায়নের জন্য রাজনৈতিক সদিচ্ছা গড়ে তোলা কঠিন হতে পারে। ইতোমধ্যে, অনেক উৎপাদনকারী দেশের পোশাক খাত এখন মহামারীর ধাক্কা থেকে সেরে উঠছে, এটা সেই একই সময়ে হচ্ছে যখন জ্বালানি এবং কাঁচামালের দাম বাড়ছে।[129] সংকুচিত মার্জিনের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য দীর্ঘমেয়াদী প্রতিযোগিতামূলক এবং সাপ্লাই চেইন স্থিতিস্থাপকতায় বিনিয়োগ বর্তমান বাজার পরিস্থিতিতে কঠিন হবে। সার্কুলার ভ্যালু চেইনগুলো সাপ্লাই চেইনের দৈর্ঘ্য কমাতে পারে এবং আনুষঙ্গিক কাঁচামালের একটি স্থিতিস্থাপক সরবরাহ নিশ্চিত করতে পারে, কিন্তু এই সুবিধাগুলো তাৎক্ষণিক ভাবে পাওয়া যাবে না।[130]

আরেকটি পরিবর্তন যা উন্নয়নশীল দেশের উৎপাদনকারীদের প্রভাবিত করবে তা হল পরিবেশ সুরক্ষার জন্য অভ্যন্তরীণ চাপ, যা পরিবেশগত প্রভাব এবং উন্নয়নের মাত্রা বৃদ্ধির সাথে সাথে পরিবর্তিত হবে। স্থানীয় কমিউনিটিগুলো পরিবর্তনের গুরুত্বপূর্ণ চালক হতে পারবে, তবে রাজনৈতিক বা রাষ্ট্রীয় সংস্থার অভাব রয়েছে। যেহেতু কমিউনিটিগুলো পানির অব্যবস্থাপনার প্রভাবের সাথে বাস করে এবং পানির বিষয়ে ন্যস্ত দায়িত্ব উন্নত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অংশীদার, তাই তাদেরকে অবশ্যই পরিকল্পনা প্রক্রিয়াগুলোতে আরো ভালভাবে অন্তর্ভুক্ত করতে হবে। পর্যবেক্ষণ ও প্রয়োগের বিকেন্দ্রীভূত ব্যবস্থা, স্থানীয় কমিউনিটিগুলোর সাথে পরামর্শের প্রয়োজনীয়তা এবং শক্তিশালী কমিউনিটি-ভিত্তিক সংস্থা যারা পরিচ্ছন্ন উৎপাদনের জন্য সামাজিক সমর্থন তৈরি করতে পারে।[131]

---

[125] ম্যাককিনসে (2021), 'এক দশকের প্রবৃদ্ধির পর বাংলাদেশের গার্মেন্ট শিল্পের জন্য পরবর্তীতে কী আছে?',https://www.mckinsey.com/industries/retail/our-insights/whats-next-for-bangladeshs-garment-industry-after-a-decade-of-growth

[126] ভিয়েতনাম পোস্ট (2022), 'ইউরোজোনে মন্দার ঝুঁকি ঘনিয়ে আসছে', https://vietnam.postsen.com/trends/119509/The-risk-of-recession-in-the-Eurozone-is-approaching.html

[127] গবেষণা এবং বাজার/রিসার্চ অ্যান্ড মার্কেট (2021), 'গ্লোবাল টেক্সটাইল মার্কেট সাইজ, ট্রেন্ডস অ্যান্ড গ্রোথ অপারচুনিটি/বৈশ্বিক টেক্সটাইল বাজার, প্রবণতা ও বৃদ্ধির সুযোগ', https://www.researchandmarkets.com/reports/5437867/global-textile-market-size-trends-and-growth

[128] গবেষণা এবং বাজার/রিসার্চ অ্যান্ড মার্কেট (2021), 'ফাস্ট ফ্যাশন গ্লোবাল মার্কেট রিপোর্ট 2021, https://www.researchandmarkets.com/reports/5321430/fast-fashion-global-market-report-2021-covid-19

[129] দেবনাথ, এ. (2022), 'বাংলাদেশের পোশাক খাত জ্বালানি, চাহিদা সংকটের সম্মুখীন', আল জাজিরা, https://www.aljazeera.com/economy/2022/8/2/bangladeshs-garment-sector-faces-energy-demand-crisis

[130] চ্যাঠাম হাউস (2021), 'একটি সার্কুলার বৈশ্বিক টেক্সটাইল শিল্পে রূপান্তর', https://www.chathamhouse.org/2021/04/transitioning-circular-global-textiles-industry

[131] WWF & H&M (2015), 'বাংলাদেশে পানি শাসন: পানির একটি টেকসই ভবিষ্যতের জন্য নীতি, প্রাতিষ্ঠানিক কার্যাবলী ও বাস্তবায়ন ঘিরে চ্যালেঞ্জ ও সুযোগ', https://d2ouvy59p0dg6k.cloudfront.net/downloads/wwf_hm__water_governance_in_bangladesh_published.pdf

কেস স্টাডি

বাংলাদেশে টেক্সটাইল এবং প্লাস্টিক বর্জ্যের রিসাইক্লিংয়ের আকার

তৈরি পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতির প্রাণশক্তি – যা থেকে দেশের জিডিপির 11 শতাংশেরও বেশি এবং রপ্তানির 83 শতাংশ আসছে।[132] বাংলাদেশের বেশিরভাগ টেক্সটাইল রপ্তানি ইইউ-তে যায়, তাই টেক্সটাইলের জন্য আসন্ন সার্কুলার অর্থনীতির নীতিগুলো ইন্ডাস্ট্রির কর্মপদ্ধতির উপর প্রভাব ফেলবে। যেহেতু দেশটি 2026 সালে স্বল্প-উন্নত দেশের অবস্থান থেকে উত্তরণের প্রস্তুতি নিচ্ছে, তাই উচ্চ-মানের টেকসই বাজারের অংশগুলোতে টেক্সটাইল ইন্ডাস্ট্রির বহুমুখীকরণ এটির প্রতিযোগিতা বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ হবে।

বাংলাদেশের গার্মেন্ট প্রস্তুতকারকরা ইতিমধ্যেই কারখানা সবুজায়নে চমৎকার সাফল্য অর্জন করেছে, যার মধ্যে সেপ্টেম্বর 2022 পর্যন্ত 171 টি কারখানা LEED সার্টিফাইড কারখানা হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে। ইতিমধ্যেই বাংলাদেশ বর্তমানে একটি ব্যাপক সার্কুলার সুযোগকে এড়িয়ে চলছে। এর কারখানাগুলো প্রতি বছর প্রায় অর্ধ মিলিয়ন টন টেক্সটাইল বর্জ্য উৎপাদন করে। তুলায় সমৃদ্ধ এবং ধারাবাহিকভাবে ব্যাপক পরিমাণে উৎপাদিত হওয়া এই উৎপাদন-পরবর্তী উপকরণগুলোর ('ঝুট') নামেও পরিচিত) শক্তিশালী আপসাইক্লিং এর সম্ভাবনা রয়েছে। যাইহোক, এগুলো বেশ কিছু মধ্যস্বত্বভোগী, অদক্ষ পৃথকীকরণ এবং উচ্চ মাত্রার দূষণ বিশিষ্ট অনানুষ্ঠানিক নেটওয়ার্ক দ্বারা পরিচালিত হয়। এর প্রচুর পরিমাণ বর্জ্য ভারতে রপ্তানি করা হয়, যেখানে তা কম মূল্যের পণ্যতে ডাউনসাইকেল করা হয়।[133] ইতিমধ্যেই বাংলাদেশ বর্তমানে একটি ব্যাপক সার্কুলার সুযোগকে এড়িয়ে চলছে। এর কারখানাগুলো প্রতি বছর প্রায় অর্ধ মিলিয়ন টন টেক্সটাইল বর্জ্য উৎপাদন করে। তুলায় সমৃদ্ধ এবং ধারাবাহিকভাবে ব্যাপক পরিমাণে উৎপাদিত হওয়া এই উৎপাদন-পরবর্তী উপকরণগুলোর ('ঝুট') নামেও পরিচিত) শক্তিশালী আপসাইক্লিং এর সম্ভাবনা রয়েছে। যাইহোক, এগুলো বেশ কিছু মধ্যস্বত্বভোগী, অদক্ষ পৃথকীকরণ এবং উচ্চ মাত্রার দূষণ বিশিষ্ট অনানুষ্ঠানিক নেটওয়ার্ক দ্বারা পরিচালিত হয়। এর প্রচুর পরিমাণ বর্জ্য ভারতে রপ্তানি করা হয়, যেখানে তা কম মূল্যের পণ্যতে ডাউনসাইকেল করা হয়।[134] সার্কুলার ফ্যাশন পার্টনারশিপ[135] এর বিশ্লেষণ অনুমান

সার্কুলার ফ্যাশন পার্টনারশিপ এর বিশ্লেষণ অনুমান করে করে যে 2019 সালে 250,000 টন তুলার বর্জ্য রিসাইক্লিং বাজারে $100 মিলিয়নে বিক্রি হয়ে থাকতে পারে।

বাংলাদেশের ময়মনসিংহে সাইক্লো (CYCLO) কারখানায় রিসাইকেলকৃত তুলা পরিদর্শন। ছবি: মার্ক ড্রায়েক (Mark Draeck)

[132] বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (2022), 'বাংলাদেশের গার্মেন্টস শিল্প সম্পর্কে (অ্যাবাউট গার্মেন্ট ইন্ডাস্ট্রি অব বাংলাদেশ) ', https://www.bgmea.com.bd/page/AboutGarmentsIndustry

[133] হোসেইন, এস. (2022), 'বাংলাদেশে এখন 171টি Leed সার্টিফাইড সবুজ তৈরি পোশাক কারখানা রয়েছে' https://www.dhakatribune.com/business/2022/09/12/bangladesh-boasts-171-leed-certified-green-rmg-factories-now

[134] সার্কুলার ফ্যাশন পার্টনারশিপ (2021), 'বাংলাদেশে পোস্ট ইন্ডাস্ট্রিয়াল টেক্সটাইল ফাইবার-টু-ফাইবার রিসাইক্লিংয়ের প্রাক-সম্ভাব্যতা বিশ্লেষণ', https://globalfashionagenda.org/product/pre-feasibility-report/

[135] সার্কুলার ফ্যাশন পার্টনারশিপ (2021), 'নীতির সংক্ষিপ্ত বিবরণ: পোশাক উৎপাদনকারী দেশগুলোতে সার্কুলার ব্যবহারের আকার পরিবর্তন, যেমন বাংলাদেশ', https://globalfashionagenda.org/resource/policy-brief-circular-fashion-partnership/

এবং গার্মেন্টস ম্যানুফ্যাকচারিংয়ে পুনরায় কাজে লাগানো হতো, তাহলে তা দেশটির কাঁচামাল আমদানির 15 শতাংশ বা প্রায় $500 মিলিয়ন সাশ্রয় করে দিত।

ইন্ডাস্ট্রির খেলোয়াড়রা বাংলাদেশী টেক্সটাইল খাতে সার্কুলার ব্যবহার উন্নত করার চেষ্টা করেছেন কিন্তু তাতে বেশ কিছু বাধার সম্মুখীন হয়েছেন। উৎপাদন-পরবর্তী টেক্সটাইল বর্জ্যের বিষয়ে ডাটা ও স্বচ্ছতায় ঘাটতি রয়েছে, প্রচুর পরিমাণে টেক্সটাইল বর্জ্য পোড়ানোর জন্য সরিয়ে নেওয়া হয় এবং এতে অন্তর্নিহিত স্বার্থ অনানুষ্ঠানিক বর্জ্য নেটওয়ার্ক মডেলকে টিকিয়ে রাখা হচ্ছে। বাংলাদেশের মাল্টিস্টেকহোল্ডার অংশীদারিত্বগুলো যেমন টেক্সটাইল সাসটেইনেবিলিটি প্ল্যাটফর্ম, যা শীঘ্রই টেক্সটাইল প্রতিযোগিতামূলক প্ল্যাটফর্ম হিসেবে একটি নতুন পর্যায়ে বিকশিত হবে, সম্পদের দক্ষতাকে উন্নীত করেছে এবং টেক্সটাইল সেক্টরের জন্য বিকল্প পথগুলোর পক্ষে কথা বলেছে।[136] বাংলাদেশ সরকার স্বীকার করেছে যে উন্নত মানের বর্জ্য ব্যবস্থাপনা টেক্সটাইল খাতের পরিবেশগত প্রভাব মোকাবেলার চাবিকাঠি, কিন্তু প্রাসঙ্গিক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়নি। 2010 সালে, দেশটি 3R[137] -এর উপর একটি ন্যাশনাল স্ট্র্যাটেজি ডকুমেন্ট উপস্থাপন করেছিল, কিন্তু এটি সম্পূর্ণরূপে কার্যকর করা হয়নি। বাংলাদেশের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সার্কুলার অর্থনীতির কথা উল্লেখ করা হলেও, এটি পৌরসভার কঠিন বর্জ্য এবং প্লাস্টিকের জন্য একটি EPR স্কিমের প্রবর্তনের উপরই মূলত আলোকপাত করে।[138]

অধিকতর সার্কুলার টেক্সটাইল সেক্টরে বাংলাদেশের রূপান্তরকে ত্বরান্বিত করতে, SWITCH2CE[139] দেশটিতে দুটি পাইলট প্রকল্প বাস্তবায়ন করবে। উভয় প্রকল্পই সক্ষমতার উন্নয়ন, ডাটা সংগ্রহ, ইকোসিস্টেমের উন্নয়ন এবং ভ্যালু চেইন জুড়ে সার্কুলার মডেলের জন্য অর্থায়ন বৃদ্ধি করার মাধ্যমে বাংলাদেশী উৎপাদনকারীদের টার্গেট করবে। পাইলট প্রকল্পের একটি মিশ্রিত টেক্সটাইল বর্জ্য এবং ভোক্তা-পরবর্তী প্লাস্টিক বর্জ্যের উপর নজর দবে, অন্যটি দেবে উৎপাদন-পরবর্তী (কারখানা) তুলার বর্জ্যের উপর।
পাইলট প্রকল্পগুলোর সামগ্রিক প্রচেষ্টার প্রয়োজন হবে যা R&D-কে বৃদ্ধি করে, সাপ্লাইয়ারদের কার্যপদ্ধতি পরিবর্তন করে, সহায়ক নীতিগুলোকে ত্বরান্বিত করে এবং অনানুষ্ঠানিক বর্জ্য নেটওয়ার্কগুলোকে সফলভাবে যুক্ত করে। এটি স্থানীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞদের সহ বহুজাতিক সংস্থাগুলো এবং তাদের শত শত সাপ্লাইয়ারদের মধ্যে বিস্তৃত অংশীদারিত্বের মাধ্যমে করা হবে। 2025 সালের মধ্যে বর্তামানের তুলনায় SWITCH2CE পাইলট প্রকল্পটি প্রতি বছর 50 শতাংশ পর্যন্ত তুলা বিষয়ক বর্জ্য পৃথকীকরণ বৃদ্ধির লক্ষ্য রাখে এবং মিশ্রিত ও প্লাস্টিক বর্জ্য বিষয়ক পাইলট প্রকল্পটি প্রতি বছর 2,500 টন পূর্বে ব্যবহৃত না হওয়া কাঁচামাল প্রতিস্থাপনের লক্ষ্য রাখে।

বাংলাদেশের গাজীপুরে দুলাল ব্রাদার্স লিমিটেড (DBL)-এর কারখানায় টেক্সটাইল স্ক্র্যাপ। ছবি: মার্ক ড্রায়েক (Mark Draeck)

[136] বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (2022), 'বিল্ড কানেক্ট নিউজলেটার মে-জুন 2022' https://buildbd.org/wp-content/uploads/2022/08/Connect-2022-03.pdf
[137] বাংলাদেশ পরিবেশ অধিদপ্তর (2009), 'ন্যাশনাল 3R স্ট্র্যাটেজি ফর ওয়েস্ট ম্যানেজমেন্ট (বর্জ্য ব্যবস্থাপনার জন্য জাতীয় 3R কৌশল) ',, http://globalrec.org/wp-content/uploads/2014/03/Draft-National-3R-Strategy.pdf
[138] বাংলাদেশ পরিকল্পনা কমিশন (2020), '৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা জুলাই 2020 - জুন 2025: সমৃদ্ধি প্রচার করা এবং অন্তর্ভুক্তিকরণ লালন করা', https://policy.asiapacificenergy.org/sites/default/files/Eighth%20Five%20Year%20Plan%20%28EN%29.pdf
[139] SWITCH2CE (2022), 'সুইচ টু সার্কুলার ইকোনমি ভ্যালু চেইন', https://switchtocircular.eu/

5

উন্নয়নশীল দেশগুলোর সার্কুলার রূপান্তরের জন্য আন্তর্জাতিক সহায়তা

মরক্কোর ওউম আজ্জায় একটি বাছাই কেন্দ্রে একটি কনভেয়র বেল্টে প্লাস্টিকের বোতল যাচ্ছে। ছবি: ক্যামিল ট্যাহন (Camille Tahon)

সার্কুলার অর্থনীতির ভ্যালু চেইনে রূপান্তরের জটিলতাগুলোর স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক সহযোগিতা প্রচেষ্টাগুলোর মাধ্যমে ইইউ বাণিজ্যিক অংশীদারদের সহায়তা করবে। ইইউ গ্রিন ডিল হলো 2021–2027 সালের জন্য ইইউ-এর €79.4 বিলিয়ন আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা উপকরণের একটি শীর্ষ ভূ-রাজনৈতিক অগ্রাধিকার।[140] ইইউ টেকসই ব্যবহার ও উৎপাদনে সহায়তার ক্ষেত্রে অগ্রগামী হলেও, জার্মানি এবং ফ্রান্সের মতো স্বতন্ত্র সদস্য রাষ্ট্রগুলো, সেইসাথে মার্কিন যুক্তরাষ্ট্র এবং জাপানের মতো অন্যান্য দেশগুলোও এতে পিছিয়ে নেই।[141]

SDG 12 সম্পর্কিত ওভারসীজ ডেভেলপমেন্ট অ্যাসিসট্যান্স (বিদেশী উন্নয়ন সহায়তা) এর শীর্ষ গ্রহীতাগণ, 2015-2019

বৈদেশিক উন্নয়ন সহায়তার উল্লেখযোগ্য প্রবাহ বিশেষ করে টেকসই উন্নয়ন লক্ষ্য 12 ((সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল 12), দায়িত্বশীল ব্যবহার এবং উৎপাদন (রেসপন্সিবল কনজাম্পশন অ্যান্ড প্রোডাকশন) অর্জনের জন্য দেশগুলোর প্রচেষ্টায় সহায়তা করে। এই প্রচেষ্টাগুলোর মধ্যে প্রায়শই চক্রাকার অর্থনীতি পন্থা অন্তর্ভুক্ত থাকে



সূত্র: SDG ফাইন্যান্সিং ল্যাব, 2022

এছাড়াও ইইউ বাণিজ্য ও উন্নয়ন সহযোগিতার মাধ্যমে সমন্বিত সার্কুলার রূপান্তরকেও সহায়তা করছে। উদাহরণস্বরূপ, ইউ বাণিজ্য চুক্তিগুলোতে সার্কুলার অর্থনীতির উচ্চাকাঙ্ক্ষাগুলোকে সন্নিবেশিত করছে,[142] এবং অন্যান্য দেশের সাথে সামঞ্জস্যপূর্ণ মানদণ্ডকে সমর্থন করছে যাতে সার্কুলার রূপান্তরগুলো ভ্যালু চেইনকে ব্যাহত না করে।[143] ইইউ এবং উৎপাদনকারী দেশগুলোর মধ্যে সহযোগিতার আরেকটি প্রণালী হলো এইড ফর ট্রেইড, যার লক্ষ্য হচ্ছে উন্নয়নশীল দেশগুলোকে সরবরাহের ক্ষেত্রের এবং বাণিজ্য-সম্পর্কিত অবকাঠামোগত বাধাগুলো অতিক্রম করতে সহায়তা করা, যা বাধাগুলো তাদের আন্তর্জাতিক বাণিজ্যে জড়িত হওয়ার ক্ষমতাকে রুদ্ধ করে। যেহেতু ইইউ হলো এইড ফর ট্রেইড এর মুখ্য দাতা

[140] CONCORD (2022), 'গ্লোবাল ইউরোপ ফান্ডিং নির্দেশিকা 2021-2027 /'গাইড টু গ্লোবাল ইউরোপ ফান্ডিং 2021-2027: সুশীল সমাজ সংগঠনগুলোর জন্য, 1ম অংশ', https://concordeurope.org/resource/guide-to-global-europe-funding-2021-2027-for-civil-society-organisations/

[141] শ্রোডার, পি. এবং রইস, জে. (2021) 'একটি অন্তর্ভুক্তিমূলক সার্কুলার অর্থনীতিকে অর্থায়ন', চ্যাঠাম হাউস, https://www.chathamhouse.org/2021/07/financing-inclusive-circular-economy/02-sdgs-and-how-circular-economy-finance-can-0

[142] ইন্সটিটিউট ফর ইউরোপিয়ান এনভায়রনমেন্টাল পলিসি (2022), 'সার্কুলার অর্থনীতির সমর্থনে বাণিজ্য: একটি সমন্বিত রিপোর্ট', https://ieep.eu/publications/trade-in-support-of-circular-economy

[143] ইউরোপিয়ান কমিশন (2020), '2020 সার্কুলার অর্থনীতির কর্মপরিকল্পনা: আন্তর্জাতিক দিকসমূহ', https://ec.europa.eu/environment/international_issues/pdf/Circular%20Economy%20ActionPlan_FS_EN_web.pdf

(2019 সালে €17.9 বিলিয়ন), এবং ক্রমবর্ধমান স্বীকৃতি আছে যে, এই উদ্যোগটি মাধ্যমে বাণিজ্যের সবুজায়নকে সমর্থন করা উচিৎ,[144] তাই এটি ইইউ এবং উৎপাদনকারী দেশগুলোর জন্য সার্কুলার অর্থনীতির দ্বারা সৃষ্ট বাণিজ্যিক বাধাগুলো অতিক্রম করার একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হবে।[145] উন্নয়ন ও বিনিয়োগের পরিমণ্ডলে, ইইউ অ্যাসোসিয়েশন অব সাউথইস্ট এশিয়ান নেশনস –এর মতো অঞ্চলসমূহ এবং মরক্কোর মতো পৃথক দেশগুলোকে নিয়ে 'গ্রিন পার্টনারশিপস'ও তৈরি করছে, যেখানে ইইউ সার্কুলার অর্থনীতির কর্ম পরিকল্পনা সহ, গ্রিন ডিল-এর উদ্দেশ্যগুলোর সাথে একীভূত হওয়াকে উন্নীত করতে বাণিজ্যিক অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে সহযোগীরূপে কাজ করবে।[146] এটি প্রকল্প-ভিত্তিক উন্নয়ন সহযোগিতার মাধ্যমেও করা হয়, যেমন সুইচ টু গ্রিন ফ্যাসিলিটি: উন্নয়ন সহযোগিতা প্রকল্পগুলোর একটি পরিবার যার লক্ষ্য হলো খাদ্য, টেক্সটাইল এবং নির্মাণ সামগ্রীর মতো উচ্চ-প্রভাবযুক্ত ভ্যালু চেইনে সচেতনতা বৃদ্ধি এবং সক্ষমতা গড়ে তোলা। 2020 সাল নাগাদ, ইইউ এই সুবিধার জন্য €400 মিলিয়নেরও বেশির প্রতিশ্রুতি দিয়েছিল, যার অধিকাংশ তহবিল সুইচ এশিয়া (SWITCH Asia) প্রোগ্রামে যাচ্ছে, যা MSME-এর উপর জোর দিয়ে এশিয়া জুড়ে সবুজ রূপান্তরকে সহায়তা করছে।[147] সুইচ টু সার্কুলার ইকোনমি ভ্যালু চেইনস (55) পৃষ্ঠায় কেস স্টাডি দেখুন) হলো সুইচ টু গ্রীন ফ্যাসিলিটিতে একটি সাম্প্রতিক সংযোজন, এবং এটি অনুশীলনের মধ্যে সার্কুলার রূপান্তরগুলোর প্রদর্শন ও আকার বাড়ানোর জন্য ভ্যালু চেইনের পুরোটা জুড়ে কাজ করার লক্ষ্য নিয়েছে।[148]

ইইউ-এর বাইরে সার্কুলার অর্থনীতি এবং সম্পদের দক্ষতা আরো সমন্বিত এবং বিধিবদ্ধ হয়ে উঠেছে। এর জন্য মূলত সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল 12 অন সাসটেইনেবল কনজাম্পশন অ্যান্ড প্রোডাকশন (টেকসই ব্যবহার ও উৎপাদনের জন্য টেকসই উন্নয়ন লক্ষ্য 12) -কে ধন্যবাদ। উদাহরণস্বরূপ, 140টি সরকার ওয়ান প্ল্যানেট নেটওয়ার্কের সাথে সংযুক্ত আছে, যেখানে দক্ষতাকে একত্রিত করা হয়, জ্ঞান ভাগ করে নেওয়া হয় এবং যৌথ সম্পদ তৈরি করা হয়, যাতে মানুষ ও পৃথিবীর সমৃদ্ধির স্বার্থে টেকসই ব্যবহার ও উৎপাদনের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়।[149]

অনেক দেশের দ্বিপাক্ষিক উন্নয়ন সহায়তায়ও সার্কুলার অর্থনীতি পন্থাগুলোর বৈশিষ্ট্য রয়েছে। অধিকন্তু, ইউএন এনভায়রনমেন্ট প্রোগ্রাম, ইউএন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এবং ইউএন ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর মতো জাতিসংঘের প্রতিষ্ঠানগুলো ভ্যালু চেইনের পন্থাগুলোর অগ্রগতিতে, ইন্ডাস্ট্রিয়াল সহযোগিতা এবং সার্কুলার অর্থনীতির সহযোগিতার উন্নয়নে কৌশলগত অবদান রাখে। আরেক মূল খেলোয়াড় হলো 42টি-দেশ নিয়ে-শক্তিশালী গ্লোবাল অ্যালায়েন্স অন সার্কুলার ইকোনমি অ্যান্ড রিসোর্স এফিসিয়েন্সি (GACERE), যা 2021 সালে গঠিত হয়েছিল। প্ল্যাটফর্মটি সার্কুলার রূপান্তর ত্বরান্বিত করতে আগ্রহী দেশগুলোর জন্য উন্মুক্ত, এবং এটি মুক্ত জ্ঞান বিনিময়, গবেষণা এবং নতুন অংশীদারিত্ব গঠনের একটি স্থান।[150]

সামগ্রিকভাবে, এর মানে হলো যে আন্তর্জাতিক সম্প্রদায় সার্কুলার ব্যবহারের জন্য সহযোগিরূপে কাজ করতে আরো ভালভাবে প্রস্তুত, এমনকি যদি উন্নয়নশীল দেশগুলোকে সংহত করার জন্য একটি নিয়ন্ত্রিত ভ্যালু চেইনের রূপান্তরের জন্য আরো অর্থায়ন এবং সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনও হয়।

---

[144] OECD এবং ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন (2022), 'এক নজরে এইড ফর ট্রেইড ('এইড ফর ট্রেইড অ্যাট এ গ্ল্যান্স 2022) : সংযুক্ত, টেকসই বাণিজ্যের ক্ষমতায়ন (এম্পাওয়ারিং কানেক্টেড, সাসটেইনেবল ট্রেড) ', https://www.wto.org/english/res_e/booksp_e/a4tatglance2022_e.pdf

[145] ইইউ (2021), 'অর্থনৈতিক একীকরণ, বাণিজ্য ও সংযোগ: অংশীদার দেশগুলোতে AfT কার্যক্রমের ম্যাপিং (ম্যাপিং অব AfT অ্যাক্টিভিটিজ ইন পার্টনার কান্ট্রিজ) ',https://international-partnerships.ec.europa.eu/policies/sustainable-growth-and-jobs/economic-integration-trade-and-connectivity_en#mapping-of-eu-aft-activities-in-partner-countries

[146] ইইউ (2021), 'Chantier d'un partnenariat vert: UE–Maroc', https://climate.ec.europa.eu/system/files/2021-06/20210628_partenariat_vert_eu_maroc_fr.pdf

[147] ইউরোপিয়ান কমিশন (2020), 'একটি বৈশ্বিক সার্কুলার অর্থনীতির পথে নেতৃত্ব দেওয়া: বর্তমান অবস্থা এবং ভবিষ্যত সম্পর্কে আভাস', https://ec.europa.eu/environment/pdf/circular-economy/leading_way_global_circular_economy.pdf

[148] SWITCH2CE (2022), 'সুইচ টু সার্কুলার ইকোনমি ভ্যালু চেইন', https://switchtocircular.eu/

[149] ওয়ান প্ল্যানেট নেটওয়ার্ক (2022), 'ওয়ান প্ল্যানেট নেটওয়ার্ক সম্পর্কে', https://www.oneplanetnetwork.org/about/the-one-planet-network

[150] GACERE (2021), 'কনসেপ্ট নোট: গ্লোবাল অ্যালায়েন্স অন সার্কুলার ইকোনমি অ্যান্ড রিসোর্স এফিসিয়েন্সি (GACERE) টুওয়ার্ডস জাস্ট ট্রানজিশন অভিমুখে' https://ec.europa.eu/environment/international_issues/pdf/GACERE%20Concept%20Note.pdf

কেইস স্টাডি

সুইচ টু সার্কুলার ইকোনমি ভ্যালু চেইন

সুইচ টু সার্কুলার ইকোনমি ভ্যালু চেইনস (SWITCH2CE) হলো ইউরোপীয় ইউনিয়ন এবং ফিনল্যান্ড কর্তৃক অর্থায়িত একটি আন্তর্জাতিক উন্নয়ন প্রকল্প, যার লক্ষ্য হল সার্কুলার অর্থনীতির অনুশীলনগুলো গ্রহণ করার জন্য বাছাইকৃত ভ্যালু চেইনে থাকা উদ্যোগগুলোকে সহায়তা করা। এটি সুইচ-এশিয়া (SWITCH-Asia), সুইচ-মেড (SWITCH-Med) এবং সুইচ আফ্রিকা গ্রিন (SWITCH Africa Green) -এর মতো বিগত এবং চলমান ইইউ সহযোগিতা কর্মসূচিগুলো অভিজ্ঞতাকে ব্যবহার করে।

প্রকল্পটি স্বীকার করে যে, সার্কুলার অর্থনীতির অনুশীলন প্রয়োগের জন্য বৈশ্বিক ভ্যালু চেইনের সমস্ত ব্যক্তিদের সহযোগিতা প্রয়োজন, নেতৃস্থানীয় বহুজাতিক কোম্পানি থেকে শুরু করে সাপ্লাইয়ার এবং ছোট ও মাঝারি আকারের উদ্যোগ পর্যন্ত। তাই, 2022-2025 সালের মধ্যে SWITCH2CE বেশ কয়েকটি টার্গেট দেশে পাইলট প্রকল্প চালাবে, যেখানে ইইউ বহুজাতিক কোম্পানিগুলোর সাপ্লাইয়ারদের সার্কুলার ব্যবহারের দিকে পরিবর্তন করতে সহায়তা করা হবে। পাইলটগুলো হলো:

প্লাস্টিক প্যাকেজিং: মরক্কোতে rPET এর জন্য বোতল-থেকে-বোতল রিসাইকেলকরণ (ইংরেজিতে কেস স্টাডি পৃষ্ঠা 28 দেখুন);

টেক্সটাইল এবং গার্মেন্টস: বাংলাদেশে উৎপাদন-পরবর্তী মিশ্রিত টেক্সটাইল এবং ভোক্তা-পরবর্তী বা উৎপাদন-পরবর্তী প্লাস্টিকের রিসাইকেলকরণ (কেস স্টাডি পৃষ্ঠা 50 দেখুন);

টেক্সটাইল এবং গার্মেন্টস: বাংলাদেশে উৎপাদন-পরবর্তী তুলার রিসাইকেলকরণ (কেস স্টাডি পৃষ্ঠা 50 দেখুন);

ICT এবং ইলেকট্রনিক্স: ইজিপ্টে ব্যবহৃত বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক সরঞ্জামের সংস্কার এবং পুনর্ব্যবহার।[151]

মরক্কোর ওউম আজ্জায় একটি বাছাই কেন্দ্রে প্লাস্টিক বোতলের বর্জ্য মজুদ করা। ছবি: ক্যামিল ট্যাহন (Camille Tahon)

[151] SWITCH2CE ICT এবং ইলেকট্রনিক্স পাইলট প্রকল্পটি টেক্সটাইল এবং প্লাস্টিক পাইলটের চেয়ে প্রকল্প ডিজাইনের পূর্ববর্তী পর্যায়ে রয়েছে। যেহেতু এই ভ্যালু চেইনে SWITCH2CE-এর কার্যক্রমের প্রকৃতি সম্পর্কে এখনও যথেষ্ট অনিশ্চয়তা রয়েছে, তাই এই সেক্টরটি ICT এবং ইলেকট্রনিক্স ভ্যালু চেইনের জন্য সার্কুলার নীতি নিয়ে আলোচনা করে না।

এছাড়াও একটি সার্কুলার মডেলে রূপান্তরের জন্য সার্কুলার অর্থনীতি-বান্ধব নীতি, অর্থায়ন পদ্ধতি, দক্ষতা, ভোক্তা সচেতনতা এবং সহযোগিতার জন্য প্ল্যাটফর্মগুলোর একটি সহায়ক দৃশ্যপটও প্রয়োজন। এই সক্ষম পরিবেশ তৈরি করার জন্য SWITCH2CE পাইলট প্রকল্পগুলো কিছু কার্যক্রমের সঙ্গে পরিপূরক, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিটি টার্গেট দেশে অর্থনৈতিক, ব্যবসায়িক ও পরিবেশগত নীতি এবং নিয়ন্ত্রক কাঠামোর ম্যাপিং।

এই পলিসি পেপারটি, যা SWITCH2CE-এর প্রথম রিপোর্ট, আন্তর্জাতিক বাজার শক্তিগুলো কীভাবে ভ্যালু চেইনকে সবুজ করছে এবং কীভাবে উৎপাদনকারী দেশগুলো এই রূপান্তরটির মধ্যে দিয়ে যেতে পারে তার রূপরেখা তুলে ধরেছে। SWITCH2CE প্রকল্প চলাকালীন অতিরিক্ত ভ্যালু চেইন এবং টার্গেট দেশ-নির্দিষ্ট রিপোর্ট তৈরি করা হবে।

মরক্কোর রাবাত-এ SWITCH2CE এর জন্য প্রকল্প কর্মশালা। ছবি: ওনুডি ম্যারোক (ONUDI Maroc)

এগিয়ে যাওয়ার করনীয় সমূহ

ইইউ নীতি, কর্পোরেট টেকসইয়ত্ব এবং প্রযুক্তিগত প্রবণতা সবই বাজারে একটি জরুরিভাবে প্রয়োজনীয় পরিবর্তন তৈরি করছে যা টেকসই ব্যবসার জন্য একটি সমান সুযোগের ন্যায্য ক্ষেত্র নিশ্চিত করবে। ইইউ-তে কিছু নিয়ন্ত্রক পরিবর্তন, বিশেষ করে বাধ্যতামূলক পণ্য বিষয়ক আবশ্যিক শর্তাবলী, উৎপাদনকারী দেশগুলোকে দ্রুত চলতে বাধ্য করতে পারে যদি তারা ইইউ বাজারে অব্যাহত প্রবেশাধিকার পেতে চায়। সার্কুলার ব্যবহার অর্জন করা জাতীয় এবং বিশ্বব্যাপী উভয় ক্ষেত্রেই একটি গুরুত্বপূর্ণ প্রতিযোগিতামূলক সুবিধা হয়ে উঠবে।

একটি সার্কুলার অর্থনীতিতে ব্যবসায়িক মডেলগুলোকে পুনর্বিন্যাস করতে, কম-মূল্যের বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতিগুলো থেকে দূরে সরার জন্য সুসংগত নীতি, ভ্যালু চেইনের সহযোগিতা এবং সিদ্ধান্তমূলক নীতির প্রয়োজন। স্থিতাবস্থা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ নিহিত স্বার্থের দ্বারা এটি বাধাগ্রস্ত হতে পারে। পরিবর্তনে সময় লাগে, এবং অনেক উন্নয়নশীল দেশ পণ্য ও সাপ্লাই চেইনের শুদ্ধতা-পরীক্ষণের আবশ্যিক শর্ত দ্বারা কঠোরভাবে আঘাতপ্রাপ্ত হওয়ার ঝুঁকিতে রয়েছে, যা 2025 সালের দিকে কার্যকর হবে।

সক্ষমতা বৃদ্ধি, নীতি এবং আর্থিক সংযোগ সহায়তা সহকারে ভ্যালু চেইন জুড়ে সহযোগিতামূলক সার্কুলার অর্থনীতির পন্থাগুলো চালানো, উৎপাদনকারী দেশগুলোতে স্থিতিস্থাপকতা তৈরির চাবিকাঠি হবে। পরিবর্তনের সুযোগ, সার্কুলার ব্যবহারে প্রতিবন্ধকতা, এবং সার্কুলার রূপান্তরকে সক্ষম করতে পারে এমন নীতির উত্তোলকগুলো সম্পূর্ণরূপে বোঝার জন্য আরো দেশ-নির্দিষ্ট বিশ্লেষণের প্রয়োজন আছে। তাই, মরক্কো, বাংলাদেশ এবং ইজিপ্টে সার্কুলার রূপান্তরকে পথনির্দেশনা দিতে এবং ইইউ-কে সাপ্লাই দেয় এমন অন্যান্য উন্নয়নশীল দেশগুলোতে নীতি উন্নয়নের কথা জানাতে, নীতি সংলাপ এবং গবেষণা SWITCH2CE পাইলট প্রকল্পগুলোর সাথে থাকবে (পৃষ্ঠা 53) দেখুন) ।